

বিষয়ঃ সহকারী প্রকৌশলী, সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (হার্ডওয়্যার) ও সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (নেটওয়ার্ক) পদে মৌখিক পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।

১৩৬। আলোচনা হয়েছে। আলোচনার প্রেক্ষিতে নথিটি পুনরায় উপস্থাপন করা হলো।

১৩৭। ঢাকা ওয়াসার সরাসরি নিয়োগযোগ্য ১২টি পদে লিখিত পরীক্ষা গত ০৪/০৭/২০২৫ তারিখ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) কর্তৃক গ্রহণ করা হয়। তন্মধ্যে গত ১১/০৯/২০২৫ তারিখে অনুষ্ঠিত উচ্চতর সিলেকশন বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক সহকারী প্রকৌশলী, সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (হার্ডওয়্যার) এবং সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (নেটওয়ার্ক) পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ২৯/০৯/২০২৫, ৩০/০৯/২০২৫ এবং ০৫/১০/২০২৫ তারিখ দুই শিফটে (সকাল ১০:০০ টা ও বেলা ২:০০ টা) ওয়াসা ভবনস্থ ব্যবস্থাপনা পরিচালক এর সভা কক্ষে (৩য় তলা) অনুষ্ঠিত হবে।

১৩৮। মৌখিক পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারেঃ

(ক) সহকারী প্রকৌশলী, সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (হার্ডওয়্যার) এবং সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (নেটওয়ার্ক) পদে নিয়োগ পরীক্ষা উচ্চতর সিলেকশন বোর্ডের আওতাভুক্ত। সুতরাং উল্লেখিত পদে মৌখিক পরীক্ষার তারিখে উচ্চতর সিলেকশন বোর্ডের সম্মানিত আহবায়ক, সদস্যগণ এবং বিশেষজ্ঞ (Expert) গণকে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে নোটিশ দেয়া যেতে পারে।

(খ) উল্লেখিত পদে মৌখিক পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বর্ণিত সিলেকশন বোর্ডের সদস্যগণ, সহায়ক কর্মকর্তা ও সহযোগী কর্মচারীগণের সম্মানী ভাতা প্রদান প্রয়োজন হবে। এছাড়া পরীক্ষার দিন আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য কমন সার্ভিস বিভাগ-কে দায়িত্ব দেয়া যেতে পারে।

(গ) সহকারী প্রকৌশলী, সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (হার্ডওয়্যার) এবং সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (নেটওয়ার্ক) পদে অনুষ্ঠিতব্য মৌখিক পরীক্ষা গ্রহণের লক্ষ্যে উচ্চতর সিলেকশন বোর্ড-এর সদস্যদের সম্মানীসহ অন্যান্য ক্ষেত্রে বিভিন্ন ভাতা ও খরচের হার নিম্নরূপভাবে নির্ধারণ করা যেতে পারেঃ

✓ উচ্চতর সিলেকশন কমিটির আহবায়ক, সদস্য ও বিশেষজ্ঞ সদস্যগণের সম্মানী ভাতা বাবদ (৯ জন সদস্য X ৫০০০/- X ২ শিফট X ৩ দিন)	২,৭০,০০০/-
✓ সহায়ক কর্মকর্তাদের সম্মানী ভাতা বাবদ ০৩ (তিন) জন (২,৫০০+২,০০০+ ১,৫০০) = (৬,০০০ X ২ শিফট X ৩ দিন)	৩৬,০০০/-
✓ সহায়ক কর্মচারীদের সম্মানী বাবদ (৬ জন X ১,০০০/- X ২ শিফট X ৩ দিন)	৩৬,০০০/-
✓ স্টেশনারী ক্রয় বাবদ (১,০০০/- X ৩দিন)	৩,০০০/-
মোট=	৩,৪৫,০০০/-

১৩৯। অনুচ্ছেদ-১৩৮ এর বর্ণনার আলোকে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা যেতে পারেঃ-

➤ উচ্চতর সিলেকশন কমিটির সম্মানীত আহবায়ক ও সদস্যগণ এবং বিশেষজ্ঞ সদস্য-কে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে নোটিশ দেয়া যেতে পারে।

➤ মৌখিক পরীক্ষার দিন সদস্যগণ, সহায়কগণের আপ্যায়ন সরবরাহের জন্য উপ সচিব, কমন সার্ভিস বিভাগ কে পত্র দেয়া যেতে পারে।

ঢাকা ওয়াসা

➤ উপ-সচিব প্রশাসন-১ এর অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে সর্বমোট ৩,৪৫,০০০/- (তিন লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা প্রদানের জন্য হিসাব বিভাগে পত্র প্রেরণ করা যেতে পারে।

১৪০। এমতাবস্থায়, পূর্ব পৃষ্ঠার নোট অনুচ্ছেদ-১৩৮ এর প্রস্তাব সদয় অনুমোদনের জন্য পেশ করা হলো। প্রস্তাব অনুমোদিত হলে এতদবিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

মোঃ হুমায়ুন
২২/০৯/২০
সিনিয়র সিনিয়র
জ্যেষ্ঠ সিনিয়র
প্রশাসন বিভাগ-১ ঢাকা ওয়াসা

২২/০৯/২০
মোঃ আব্দুল হক
সহকারী সচিব, প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা।

২২/০৯/২০
মুহঃ জাহান মিয়া
উপ-সচিব
প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা।

২২/০৯/২০
মুহঃ জাহান মিয়া

২২/০৯/২০
DMD (HR & Admin)

মোঃ আব্দুল ইসলাম
(মুদ্রাসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা

২২/০৯/২০

২২/০৯/২০
মুহঃ জাহান মিয়া
অতিরিক্ত সচিব
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।